নমঃ।" তিনবার বলে অভ্যুক্ষণ করে, "এতে গন্ধপুষ্পে এতস্মৈ বং শঙ্খাভরণায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ। ওঁ মহোদধিসম্ভূতাঃ সর্ব্বদেবী প্রিয়াঃ সদা। ময়া নিবেদিতাঃ শঙ্খবলয়াভূষণায়তে॥ ইদং শঙ্খাভরণং ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিমকালিকায়ৈ নমঃ।" ২৯। স্বর্ণাভরণ—"এতস্মৈ বং স্বর্ণাভরণায় নমঃ।" তিনবার বলে অভ্যুক্ষণ করে, "এতে গন্ধপুষ্পে এতস্মৈ বং স্বর্ণাভরণায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ। ওঁ স্বর্ণাদ্যলঙ্কারং দেবি ভূষণানাং সদুত্তমম্। হারকুণ্ডলকেয়ূরনূপুরাদি গৃহাণ মে॥ ইদং স্বর্ণাভরণম্ ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।" ৩০। সিন্দূর—"এতস্মৈ বং সিন্দূরায় নমঃ।" তিনবার বলে অভ্যুক্ষণ করে, "এতে গন্ধপুষ্পে সিন্দূরায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ। ওঁ রঞ্জনং সর্ব্বলোকানাং ক্রিয়া পরময়া যুতম্। সিন্দূর তিলকং তেহস্তু ললাটতট মণ্ডলম্॥ ইদং সিন্দূরং ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।" ৩১। লৌহ আভরণ—"এতস্মৈ বং লৌহ আভরণায় নমঃ।" তিনবার বলে অভ্যুক্ষণ করে, "এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ। ওঁ ক্রীং কালিকায়ৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈ ধীমহি তন্নো ঘোরে প্রচোদয়াৎ। ইদং লৌহ আভরণম্ ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।" ৩২। রচনা—"এতস্মৈ বং রচনায়ৈ নমঃ।" তিনবার বলে অভ্যুক্ষণ করে, "এতে গন্ধপুষ্পে রচনায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায়

ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ। ওঁ নানাফল সমাযুক্তাং নানাবর্ণ প্রপূরিতাম্। রচনাং তে প্রযচ্ছামি গৃহাণ পরমেশ্বরি।। এষাঃ রচনাঃ ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।" ৩৩। লড্ডুক—"এতস্মৈ বং লড্ডুকায় নমঃ।" তিনবার বলে তিনবার অভ্যুক্ষণ করে, "এতে গন্ধপুষ্পে লড্ডুকায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ। ওঁ লড্ডুকং ষড়্‌রসৈযুক্তং দুগ্ধখণ্ডাদিনির্ম্মিতম্। সুমিষ্টং মধুরং দেবি গৃহ্যতাং পরমেশ্বরি।। ইদং লড্ডুকং ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।" ৩৪। মোদক—"এতস্মৈ বং মোদকায় নমঃ।" তিনবার বলে অভ্যুক্ষণ করে, "এতে গন্ধপুষ্পে মোদকায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ ক্রীং শ্রীমদ্দিক্ষণকালিকায়ৈ নমঃ। মোদকং স্বাদসংযুক্তং শর্করাদিবিনির্ম্মিতম্। সুরম্যং মধুরং ভোজ্যং দেবি দত্তং প্রগৃহ্যতাম্।। ইদং মোদকং ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।" ৩৫। শয্যাদ্রব্য—"এতস্মৈ বং শয্যাদ্রব্যায় নমঃ।" তিনবার বলে অভ্যুক্ষণ করে, "এতে গন্ধপুষ্পে শয্যাদ্রব্যায় নমঃ।" এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ। ইদং শয্যাদ্রব্যং ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।" ৩৬। শ্রীফলপত্রমাল্য—"এতস্মৈ বং শ্রীফলপত্রমাল্যায় নমঃ।" তিনবার বলে অভ্যুক্ষণ করে, "এতে গন্ধপুষ্পে শ্রীফলপত্রমাল্যায় নমঃ। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ। ওঁ অমৃতোদ্ভবং শ্রীযুক্তং মহাদেব প্রিয়ঃ সদা। পবিত্রন্তে প্রযচ্ছামি শ্রীফলীয়ং সুরেশ্বরি।। ইদম্

শ্রীফলপত্রমাল্যম্ ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।" এবার "ওঁ কালিকায়ৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈ ধীমহি, তন্নো ঘোরে প্রচোদয়াৎ, এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈঃ নমঃ।" মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দিয়ে করযোড়ে মন্ত্র পাঠ করে বন্দনা করবেন। যথা—"ওঁ মহামায়ে জগন্মাতঃ কালিকে ঘোরদক্ষিণে।। গৃহাণ বন্দনে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে।।" এরপর প্রণাম করবেন।

প্রণাম মন্ত্র—ওঁ সর্ব্বমঙ্গল মঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তুতে।।"

এরপর তত্ত্বমুদ্রায় তিনবার তর্পণ করবেন। মন্ত্র, যথা—"ওঁ ক্রীং শ্রীমৎ দক্ষিণকালিকাং তর্পয়ামি স্বাহা।" এরপর সপরিবার পূজা করবেন।

সপরিবার পূজা—করযোড়ে মন্ত্র পাঠ করে অনুজ্ঞা গ্রহণ করবেন। যথা—"ওঁ সচ্চিন্ময়ি পরে দেবী পরমৃতচরুপ্রিয়ে। অনুজ্ঞাং কালিকে দেহি পরিবারার্চ্চনায় তে।। ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকে দেবি আজ্ঞাপয় ভবত্যাঃ পরিবারান্ পূজয়ামি।।" এই ভাবে অনুজ্ঞা নিয়ে কূর্মদ্রায় গন্ধপুষ্প নিয়ে ধ্যান করবেন। যথা—"ওঁ তুষার স্ফটিকশ্যামা নীলকৃষ্ণারুণার্চ্চিষঃ। বরদাভয়ধারিণ্যঃ প্রধান ভুবনস্ত্রিয়ঃ।।" ধ্যান করে, "এতে গন্ধপুষ্পে ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকাষড়ঙ্গযুবতীং শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।" মন্ত্রে পঞ্চোপচারে অঙ্গ পূজা করে, "ওঁ শ্রীমদ্দক্ষিণকালিকা ষড়ঙ্গযুবতীং শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা।" মন্ত্রে তিনবার তর্পণ করবেন। "এতে গন্ধপুষ্পে দিব্যৌঘ গুরুপংক্তি শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ। এতে গন্ধপুষ্পে মানবৌঘ গুরুপংক্তি শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ। এতে গন্ধপুষ্পে

ওঁ ক্রীং হৃদয়ায় নমঃ, হৃদয়াঙ্গ শক্তি শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।" এইরূপে—"ওঁ ক্রীং শিরসে স্বাহা, শিরোঙ্গশক্তি শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ। ওঁ ক্রুং শিখায়ৈ বষট্, শিখাঙ্গশক্তি শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ। ওঁ ক্রৈং কবচায় হুং, কবচাঙ্গশক্তি শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ। ওঁ ক্রৌং নেত্রত্রয়ায় বৌষট্, নেত্রত্রয়াঙ্গশক্তি শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ। ওঁ ক্রীং করতলপৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্, অস্ত্রাঙ্গশক্তি শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।" এইভাবে গন্ধপুষ্প দ্বারা পূজা করে আবরণ পূজা করবেন।

আবরণ পূজা—প্রথমে মন্ত্র দ্বারা অনুজ্ঞা গ্রহণ করবেন। যথা—"ওঁ শ্রীমদ্দক্ষিণকালিকে দেবী আবরণন্তে পূজয়ামি।" এইরূপে অনুজ্ঞা নিয়ে অগ্নি আদি কোণস্থিত কেশরসমূহে ধ্যানান্তে ক্যাল্যাদি পঞ্চদশ শক্তির পূজা করবেন। ধ্যান—"ওঁ সর্ব্বাঃ শ্যামা অসিকরা মুণ্ডমালাবিভূষিতাঃ। তর্জ্জনীং বামহস্তেন ধারয়ন্ত্যঃ শুচিস্মিতাঃ। দিগম্বরা হসন্মুখ্যাঃ স্ব স্ববাহনভূষিতাঃ।।" ধ্যান শেষে কাল্যাদি পঞ্চদশ শক্তির 'ওঁ কাল্যাদি পঞ্চদশ শক্তিঃ ইহাগচ্ছতঃ' ইত্যাদি মন্ত্রে আবাহন করে সাধ্যমত উপচারে [বা পঞ্চোপচারে] পূজা করবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ কাল্যৈ নমঃ।" এইরূপে—"ওঁ কপালিন্যৈ নমঃ, ওঁ কুল্বায়ৈ নমঃ, ওঁ কুরুকল্লায়ৈ নমঃ, ওঁ বিরোধিন্যৈ নমঃ, ওঁ বিপ্রচিত্তায়ৈ নমঃ, ওঁ উগ্রায়ৈ নমঃ, ওঁ উগ্রপ্রভায়ৈ নমঃ, ওঁ দীপ্তায়ৈ নমঃ, ওঁ নীলায়ৈ নমঃ, ওঁ ঘনায়ৈ নমঃ, ওঁ বলাকায়ৈ নমঃ, ওঁ মাত্রায়ৈ নমঃ, ওঁ মুদ্রায়ৈ নমঃ, ওঁ মিতায়ৈ নমঃ।" মন্ত্রে পূজা করে ব্রাহ্মী আদি অষ্টশক্তি ও ভৈরবগণের আবাহন ও ধ্যান করে যথাশক্তি উপচারে পূজা করবেন।

ব্রাহ্মী আদি অষ্টশক্তির পূজা—যথা—**ব্রাহ্মীর পূজা (১)**—'ওঁ ব্রাহ্মী ইহাগচ্ছ ইহাগচ্ছ' প্রভৃতি মন্ত্রে আবাহনাদি পঞ্চমুদ্রা প্রদর্শন করে ব্রাহ্মীর আবাহন করে, কূর্মমুদ্রায় পুষ্পাদি নিয়ে ধ্যান করে পূজা করবেন। যথা—ওঁ ব্রাহ্মীং হংসসমারূঢ়াং স্বর্ণবর্ণাং চতুর্ভুজাম্। চতুর্ব্বক্ত্রং ত্রিনেত্রাঞ্চ ব্রহ্মকূর্চ্চঞ্চ পঙ্কজাম্।। দণ্ডং পদ্মাক্ষসূত্রঞ্চ দধতীং চারুহাসিনীং। জটাজূটধরাং দেবীং ভাবয়েৎ সাধকোত্তমঃ।। "ওঁ আং ব্রাহ্ম্যৈ নমঃ।" মন্ত্রে পূজা করবেন।

নারায়ণীর পূজা (২)—পূর্বোক্তরূপে আবাহন করে, কূর্মমুদ্রায় পুষ্পাদি নিয়ে ধ্যান করে পূজা করবেন। যথা—ওঁ নারায়ণীং মহাদীপ্তাং শ্যামাং গরুড়বাহিনীম্। নানালঙ্কারসংযুক্তাং চারুকেশীং চতুর্ভুজাম্।। ঘণ্টাং শঙ্খং কপালঞ্চ চক্রং সংদধতীং পরাম্। মধুমত্তাং মদোল্লাসদৃষ্টিং সর্ব্বাঙ্গসুন্দরীম্।। ওঁ ঈং নারায়ণ্যৈ নমঃ।

মাহেশ্বরীর পূজা (৩)—পূর্বোক্তরূপে আবাহন করে, কূর্মমুদ্রায় পুষ্পাদি নিয়ে ধ্যান করে পূজা করবেন। যথা—ওঁ মাহেশ্বরীং বৃষারূঢ়াং শুক্লাং ত্রিনয়নান্বিতাম্। কপালং ডমরুঞ্চৈব বরদাভয়মূলকম্। টঙ্কঞ্চ দধতীং দেবীং নানালঙ্কারভূষিতাম্।। ওঁ উং মাহেশ্বর্য্যৈ নমঃ।

চামুণ্ডার পূজা (৪)—পূর্বোক্তরূপে আবাহন করে, কূর্মমুদ্রায় পুষ্পাদি নিয়ে ধ্যান করে পূজা করবেন। যথা—ওঁ চামুণ্ডামহাসাং বিকটিতদশনাং ভীমবক্ত্রাং ত্রিনেত্রাং। নীলাম্ভোজপ্রভাভাং প্রমুদিতবপুষীং নর-মুণ্ডালিমালাম্। খড়্গাং শূলং কপালং নরশিরখচিতং খেটকং ধারয়ন্তীং। প্রেতারূঢ়াং প্রমত্তাং মধুমদমুদিতাং ভাবয়েচ্চণ্ডরূপাম্। ওঁ ঋং চামুণ্ডায়ৈ নমঃ।

কৌমারীর পূজা (৫)—পূর্বোক্তরূপে আবাহন করে, কূর্মমুদ্রায় পুষ্পাদি নিয়ে ধ্যান করে পূজা করবেন। যথা—ওঁ কৌমারীং কুঙ্কুমাভাসাং ত্রিনেত্রাং শিখিসংস্থিতাং। চতুর্ভুজাং শক্তিপাশাঙ্কুশাভয়বিধারিণীম্। নানালঙ্কারসংযুক্তাং প্রমত্তাং পরিচিন্তয়েৎ॥ ওঁ হ্রূং কৌমার্য্যৈ নমঃ।

অপরাজিতার পূজা (৬)—পূর্বোক্তরূপে আবাহন করে, কূর্মমুদ্রায় পুষ্পাদি নিয়ে ধ্যান করে পূজা করবেন। যথা—ওঁ অপরাজিতাঞ্চ পীতাভামক্ষসূত্রবরপ্রদাম্। কপালং মাতুলিঙ্গঞ্চ দধতীং পরিচিন্তয়েৎ॥ ওঁ ঐং অপরাজিতায়ৈ নমঃ।

বারাহীর পূজা (৭)—পূর্বোক্তরূপে আবাহন করে, কূর্মমুদ্রায় পুষ্পাদি নিয়ে ধ্যান করে পূজা করবেন। যথা—ওঁ বারাহীং ধূম্রবর্ণাঞ্চ বরাহবাহনাং শুভাম্। ফলকং খড়্গমূষলং হলং বেদর্ভুজৈর্ধৃতাম্॥ ওঁ ঔং বারাহ্যৈ নমঃ॥

নারসিংহীর পূজা (৮)—পূর্বোক্তরূপে আবাহন করে, কূর্মমুদ্রায় পুষ্পাদি নিয়ে ধ্যান করে পূজা করবেন। যথা—ওঁ নারসিংহীং নৃসিংহস্য বিভ্রতীং সদৃশং বপুঃ। চতুর্ভুজাং বিশালাক্ষীং মহারৌদ্রীং বরপ্রদাম্॥ ওঁ অঃ নারসিংহ্যৈ নমঃ। এবার অষ্টভৈরবের আবাহনাদি পঞ্চমুদ্রা দ্বারা আবাহন করে পূজা করবেন।

অসিতাঙ্গভৈরবের পূজা (১)—'অসিতাঙ্গভৈরব ইহাগচ্ছ ইহাগচ্ছ' ইত্যাদি মন্ত্রে আবাহন করে, ধ্যান করে পূজা করবেন।

যথা—ওঁ ধ্যায়েন্নীলাদ্রিসঙ্কাশং ত্রিনেত্রং চন্দ্রশেখরম্। জটাজূটধরাং বাহুচতুষ্টয়সুশোভিতম্॥ কপালং পঙ্কজধরং বরাভয় প্রদায়িনম্। ব্রাহ্মীশক্তি সমাশ্লিষ্টং শরচ্চন্দ্র নিভাননম্॥ "ওঁ ঐং হ্রীং অং অসিতাঙ্গ ভৈরবায় নমঃ।" মন্ত্রে পূজা করবেন।

রুরুভৈরবের পূজা (২)—পূর্বোক্তরূপে আবাহনাদি পূর্বক ধ্যান করে পূজা করবেন। যথা—ওঁ জলদাভং বিশালাক্ষং শঙ্খচক্রলসৎ-করম্। নানালঙ্কার সংযুক্তং কৃত্তিবাসং সুরালয়ম্। মদিরাঘূর্ণনয়নং রুরুভৈরবম্ আশ্রয়ে॥ ওঁ ঐং হ্রীং ঈং রুরুভৈরবায় নমঃ।

চণ্ডভৈরবের পূজা (৩)—পূর্বোক্তরূপে আবাহনাদি পূর্বক ধ্যান করে পূজা করবেন। যথা—ওঁ বালসূর্য্যপ্রতীকাংশং জটামণ্ডিত মস্তকম্। চতুর্ভুজং ত্রিনয়নং ভালচন্দ্রং বিভূষণম্॥ ত্রিশূলং খট্টাঙ্গধরং বরদানাভয়প্রদম্। রজঃসত্ত্বগুণাক্রান্তং চণ্ডভৈরবম্ আশ্রয়ে॥ ওঁ ঐং হ্রীং উং চণ্ডভৈরবায় নমঃ।

ক্রোধভৈরবের পূজা (৪)—যথা—পূর্বোক্তরূপে আবাহনাদি পূর্বক ধ্যান করে পূজা করবেন। যথা—ওঁ সহস্রতড়িদাভাসং নয়নত্রয়রাজিতম্। খড়্গখেটক পট্টিশ নাগপাশ করাম্বুজম্॥ ঘোরদংষ্ট্র করালাস্যং হেমকুণ্ডল ধারিণম্। চামুণ্ডাশক্তিসহিতং ভজেঽহং ক্রোধভৈরবম্॥ ওঁ ঐং হ্রীং ঋং ক্রোধভৈরবায় নমঃ।

উন্মত্তভৈরবের পূজা (৫)—পূর্বোক্তরূপে আবাহনাদি পূর্বক ধ্যান করে পূজা করবেন।—ওঁ মহামরকতাভাসং চন্দ্রার্দ্ধকৃতশেখরম্। চতুর্হস্তং ত্রিনয়নং ঘণ্টাডমরুবাদিনম্॥ মদিরাপান উন্মত্তং স্মেরাস্যং মুণ্ডমালিনম্। কৌমারী শক্তিসহিতং ভজেচ্চোন্মত্তভৈরবম্॥ ওঁ ঐং হ্রীং ৯ং উন্মত্তভৈরবায় নমঃ।

কপালিভৈরবের পূজা (৬)—পূর্বোক্তরূপে আবাহনাদি পূর্বক ধ্যান করে পূজা করবেন। যথা—ওঁ সুভগনয়নম্ আস্যং চন্দ্রমৌলিং সুবেশম্। দনুজ রুধিরপাত্রং বিভ্রতং শূলটঙ্কম্॥ সরসিরুহদধানং নীলমাস্যং সুকান্তিম্। শশিমণিগণহারং চিন্তয়েঽহং কপালিনম্॥ ওঁ ঐং হ্রীং এং কপালিভৈরবায় নমঃ।

ভীষণভৈরবের পূজা (৭)—পূর্বোক্তরূপে আবাহনাদি পূর্বক ধ্যান করে পূজা করবেন। যথা—ওঁ ধ্যায়েৎ ভীষণভৈরবং ত্রিনেত্রং রক্তাঙ্গরাগস্রজম্। বন্ধুকারুণ বাসসং করদধৎ পাশাঙ্কুশং তোমরম্। খড়্গাং টঙ্কস্রজং সুধাপ্লুত তনুং হারাদিভূষোজ্জ্বলম্। কাঞ্চীদামবিরাজিতং কটিতটং বারাহিকাসংযুতম্॥ ওঁ ঐং হ্রীং ঔং ভীষণভৈরবায় নমঃ।

সংহারভৈরবের পূজা (৮)—পূর্বোক্তরূপে আবাহনাদি পূর্বক ধ্যান করে পূজা করবেন। যথা—ওঁ সংহারভৈরবং ধ্যায়েৎ প্রলয়ানিলসন্নিভম্। জটাভারলসচ্চন্দ্রং খড়্গাম্ উগ্রভয়ঙ্করম্॥ মুণ্ডমালাবলাকীর্ণং শ্রুতিকুণ্ডলমণ্ডিতম্। সংহারাস্ত্রং চক্রমসিং বিভ্রতং

বরদায়িনম্॥ চতুর্ভুজমদোন্মত্তম্ অট্টহাসং দিগম্বরম্। নারসিংহী শক্তিযুক্তং ক্রোধাবেশকলেবরম্॥ কালান্তকারিণং রৌদ্রং সৃষ্টিস্থিতিলয়াত্মকম্॥ সর্বদেবস্তুতং সূর্য্যচন্দ্রবহ্নি ত্রিনেত্রকম্॥ ওঁ ঐং হ্রীং অঃ সংহারভৈরবায় নমঃ। এবার বটুকগণের পঞ্চোপচারে পূজা করবেন।

বটুকগণের পূজা—"এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মাণীপুত্র বটুকায় নমঃ।" এইরূপে—"ওঁ মাহেশ্বরীপুত্র বটুকায় নমঃ, ওঁ বৈষ্ণবীপুত্র বটুকায় নমঃ, ওঁ কৌমারীপুত্র বটুকায় নমঃ, ওঁ ইন্দ্রাণীপুত্র বটুকায় নমঃ, ওঁ মহালক্ষ্মীপুত্র বটুকায় নমঃ, নমঃ, ওঁ বারাহীপুত্র বটুকায় নমঃ, ওঁ চামুণ্ডাপুত্র বটুকায় নমঃ।" এবার ডাকিনী এবং যোগিনীগণের পঞ্চোপচারে পূজা করবেন।

ডাকিনী এবং যোগিনীগণের পূজা—"এতে গন্ধপুষ্পে ওঁ ডাকিনীভ্যো নমঃ।" মন্ত্রে ডাকিনীগণের এবং "এতে গন্ধপুষ্পে ওঁ যোগিনীভ্যো নমঃ।" মন্ত্রে ডাকিনী এবং যোগিনীগণের পূজা করবেন। এরপর ক্ষেত্রপালগণের পঞ্চোপচারে পূজা করবেন।

ক্ষেত্রপালগণের পূজা—"এতে গন্ধপুষ্পে ওঁ ক্ষাং হেতুকায় ক্ষেত্রপালায় নমঃ।" এইভাবে—"ওঁ ক্ষাং ত্রিপুরঘ্নায় ক্ষেত্রপালায় নমঃ, ওঁ ক্ষাং অগ্নিজিহ্বায় ক্ষেত্রপালায় নমঃ, ওঁ ক্ষাং অগ্নিবেতালায় ক্ষেত্রপালায় নমঃ, ওঁ ক্ষাং কালায় ক্ষেত্রপালায় নমঃ, ওঁ ক্ষাং করালায় ক্ষেত্রপালায় নমঃ, ওঁ ক্ষাং একপাদায় ক্ষেত্রপালায় নমঃ, ওঁ ক্ষাং ভীমনাথায় ক্ষেত্রপালায় নমঃ, ওঁ গাং গণপতয়ে নমঃ।" এইরূপে ক্ষেত্রপালগণের ও গণপতির পূজা করবেন। তারপর মণ্ডলমধ্যে লোকপালগণের পঞ্চোপচারে পূজা করবেন।

ইন্দ্রাদি লোকপালগণের পূজা—পূর্ব্বে—"এতে গন্ধপুষ্পে ওঁ লাং ইন্দ্রায় সুরাধিপতয়ে পীতবর্ণায় বজ্রহস্তায় ঐরাবতবাহনায় সপরিবারায় নমঃ।" এইভাবে—অগ্নিকোণে—"ওঁ রাং অগ্নয়ে তেজোঽধিপতয়ে রক্তবর্ণায় শক্তিহস্তায় ছাগবাহনায় সপরিবারায় নমঃ।" দক্ষিণে—"ওঁ যাং যমায় প্রেতাধিপতয়ে কৃষ্ণবর্ণায় দণ্ডহস্তায় মহিষবাহনায় নমঃ।" নৈর্ঋতে—"ওঁ ক্ষাং নৈর্ঋতয়ে রক্ষোঽধিপতয়ে ধূম্রবর্ণায় খড়্গহস্তায় অশ্ববাহনায় সপরিবারায় নমঃ।" পশ্চিমে—"ওঁ বং বরুণায় জলাধিপতয়ে শুক্লবর্ণায় পাশহস্তায় মকরবাহনায় সপরিবারায় নমঃ।" বায়ুকোণে—"ওঁ বাং বায়বে প্রাণাধিপতয়ে ধূম্রবর্ণায় অঙ্কুশহস্তায় মৃগবাহনায় সপরিবারায় নমঃ।" উত্তরে—"ওঁ কাং কুবেরায় যক্ষোধিপতয়ে শুক্লবর্ণায় নরবাহনায় গদাহস্তায় সপরিবারায় নমঃ।" ঈশানে—"ওঁ হাং ঈশানায় ভূতাধিপতয়ে শুক্লবর্ণায় বৃষবাহনায় শূলহস্তায় সপরিবারায় নমঃ।" উর্দ্ধ্বে—"ওঁ আং ব্রহ্মণে প্রজাধিপতয়ে রক্তবর্ণায় পদ্মহস্তায় হংসবাহনায় সপরিবারায় নমঃ।" অধঃ—"ওঁ হ্রীং অনন্তায় নাগাধিপতয়ে গৌরবর্ণায় চক্রহস্তায় গরুড়বাহনায় সপরিবারায় নমঃ।" এরপর ষোড়শোপচারে মহাকালভৈরবের পূজা করবেন।

মহাকালভৈরবের পূজা—ধ্যান—"ওঁ মহাকালং যজেদ্দেব্যা দক্ষিণে ধূম্রবর্ণকম্। বিভ্রতং দণ্ডখট্টাঙ্গৌ দংষ্ট্রাভীমমুখং শিশুম্॥ ব্যাঘ্রচর্ম্মাবৃতকটিং তুন্দিলং রক্তবাসসম্। ত্রিনেত্রমূর্দ্ধ্বকেশঞ্চ মুণ্ডমালা বিভূষিতম্। জটাভারলসচ্চন্দ্রখণ্ডমুগ্রং জ্বলন্নিভম্॥" এইভাবে ধ্যান করে পুষ্পটি নিজ মস্তকে দিয়ে মানসোপচারে পূজা করে আবার ধ্যান করে, 'ওঁ মহাকালভৈরব ইহাগচ্ছ ইহাগচ্ছ' ইত্যাদি

মন্ত্রে পঞ্চমুদ্রা দ্বারা আবাহন করে ষোড়শোপচারে পূজা করবেন। প্রত্যেক উপচার অর্চনা করে, "ওঁ হুং ক্ষ্রৌং যাং রাং লাং বাং আং ক্রৌং মহাকালভৈরব সর্ব্ববিঘ্নান্ নাশয় নাশয় হ্রীং শ্রীং হুং ফট্ স্বাহা এতৎ পাদ্যং মহাকালভৈরবায় নমঃ।" এইরূপে পূজা করে তিনবার তর্পণ করবেন। যথা—"ওঁ হুং ক্ষ্রৌং যাং রাং লাং বাং আং ক্রৌং মহাকালভৈরবং তর্পয়ামি নমঃ।" এবার দেবী পদতলস্থিত শবশিবের ধ্যান করে, যথাশক্তি উপচারে পূজা করবেন।

শবশিবের পূজা—ধ্যান—"ওঁ শুদ্ধস্ফটিকসঙ্কাশং মহাকালং ত্রিলোচনম্। দিগম্বরঞ্চ দ্বিভুজং কালীপাদব্যবস্থিতম্॥ ঊর্দ্ধলিঙ্গ মহাদেবং চন্দ্রচূড়ং সদাশিবম্। ধ্যায়েচ্চ পরমানন্দং দেব্যা বাহনমুত্তমম্॥" এইরূপে ধ্যান করে, "ওঁ হসৌঃ সদাশিবমহাপ্রেতপদ্মাসনায় নমঃ।" মন্ত্রে পাদ্য অর্ঘ্যাদিক্রমে পূজা করে, "ওঁ হসৌঃ সদাশিবমহাপ্রেত পদ্মাসনং তর্পয়ামি নমঃ।" মন্ত্রে তিনবার তর্পণ করবেন।

এবার দেবীর হাতে সুরাপাত্র দেবেন। যথা—কাংস্যপাত্রে মধু, নারিকেল জল ও আদা রেখে অর্চনা করবেন। যথা—"বং এতস্মৈ কাংস্যাধার সুরায় নমঃ।" মন্ত্রে কুশোদক দ্বারা অভ্যুক্ষণ করে, "এতে গন্ধপুষ্পে ওঁ কাংস্যাধার সুরায় নমঃ, এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ উন্মত্ত ভৈরবায় নমঃ, এতৎ সম্প্রদানায় ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।" মন্ত্রে উৎসর্গ করে "হুং ফট্ স্বাহা" মন্ত্র বলে দেবীর দক্ষিণ-অধঃ হস্তে পাত্র দেবেন, তারপর পঞ্চোপচারে অস্ত্রপূজা করবেন।

দেবীর অস্ত্রপূজা—যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ বজ্রায় নমঃ।" এইরূপে—"ওঁ শক্তয়ে নমঃ, ওঁ দণ্ডায় নমঃ, ওঁ খড়্গায় নমঃ, ওঁ অঙ্কুশায় নমঃ, ওঁ গদায়ৈ নমঃ, ওঁ শূলায় নমঃ, ওঁ চক্রায় নমঃ, ওঁ বরায় নমঃ, ওঁ পদ্মায় নমঃ, ওঁ অভয়ায় নমঃ, ওঁ কপালায় নমঃ, ওঁ মুণ্ডমালায়ৈ নমঃ।" অতঃপর পঞ্চোপচারে গুরুপংক্তি পূজা করবেন।

গুরুপংক্তি পূজা—"এতে গন্ধপুষ্পে ওঁ ঐং দিব্যৌঘ শ্রীগুরুগণ শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।" মন্ত্রে পূজা করে, "ওঁ ঐং দিব্যৌঘ শ্রীগুরুগণ শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।" মন্ত্রে তত্ত্বমুদ্রায় তর্পণ করবেন। এইরূপে—"ওঁ ঐং সিদ্ধৌঘ শ্রীগুরুগণ শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ, ওঁ ঐং সিদ্ধৌঘ শ্রীগুরুগণ শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ, ওঁ ঐং মানবৌঘ শ্রীগুরুগণ শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ, ওঁ ঐং মানবৌঘ শ্রীগুরুগণ শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ, ওঁ ঐং পরমগুরুং শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ, ওঁ ঐং পরমগুরুং শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ, ওঁ ঐং পরাপরগুরুং শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ, ওঁ ঐং পরাপরগুরুং শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ, ওঁ ঐং পরমেষ্ঠীগুরুং শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ, ওঁ ঐং পরমেষ্ঠিগুরুং শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ, ওঁ ঐং শ্রীঅমুকীদেব্যম্বাসহিত শ্রীমৎ অমুকানন্দনাথ শ্রীগুরুং শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ, ওঁ ঐং শ্রীঅমুকীদেব্যম্বাসহিত শ্রীঅমুকানন্দনাথ শ্রীগুরুং শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ।" (অমুকীদেব্যম্বা স্থলে নিজ গুরুপত্নী এবং অমুকানন্দনাথ স্থলে নিজগুরুর নাম বলবেন)। এরপর আবার মূলমন্ত্রে অঙ্গন্যাস ও করন্যাস করে দেবীর ধ্যান

করে পঞ্চোপচারে দেবীর পূজা করে পুষ্পাঞ্জলি দিবেন। যথা—"এষ পুষ্পাঞ্জলি সায়ুধবাহন পরিবার শ্রীমন্মহাকালভৈরবসহিত ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকা শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।" মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দিয়ে, "ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকামাতস্তর্প্যতাম্।" এই মন্ত্রে তিনবার তর্পণ করবেন। পরে করযোড়ে বলবেন—"সায়ুধবাহন পরিবার শ্রীশ্রীমন্মহাকালভৈরব-সহিত ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকাঃ পূজিতাঃ সন্তু।" এরপর যথাশক্তি বলি প্রদান করবেন।

বলি প্রকরণ—ছাগবলি বিধি—সুলক্ষণ যুক্ত ছাগপশুকে স্নান করিয়ে দেবীর সামনে পূর্বমুখে রেখে পূজক উত্তরমুখে বসে "ওঁ অস্ত্রায় ফট্" মন্ত্রে পশুকে অবলোকন করে, কুশোদক দিয়ে মন্ত্র পাঠ পূর্বক প্রোক্ষণ করবেন। মন্ত্র, যথা—"ওঁ অগ্নিঃ পশুরাসীৎ তেনাযজন্ত, এতং লোকমজয়দ্ যস্মিন্নগ্নিঃ। স তে লোকো ভবিষ্যতি, তং জেষ্যসি পিবৈতা অপঃ॥ ওঁ বায়ুঃ পশুরাসীৎ, তেনাযজন্ত, স এতৎ লোকমজয়দ্ যস্মিন্ বায়ুঃ। স তে লোকো ভবিষ্যতি, তং জেষ্যসি পিবৈতা অপঃ॥ ওঁ সূর্য্যঃ পশুরাসীৎ তেনাযজন্ত, স এতৎ লোকমজয়দ্ যস্মিন্ সূর্য্যঃ। স তে লোকো ভবিষ্যতি, তং জেষ্যসি পিবৈতা অপঃ॥ ওঁ বাচস্তে শুদ্ধামি, ওঁ প্রাণস্তে শুদ্ধামি, ওঁ চক্ষুস্তে শুদ্ধামি, ওঁ শ্রোত্রন্তে শুদ্ধামি, ওঁ নাভিস্তে শুদ্ধামি, ওঁ মেঢ্রন্তে শুদ্ধামি, ওঁ পায়ুস্তে শুদ্ধামি, ওঁ চরিত্রাংস্তে শুদ্ধামি। ওঁ মনস্ত আপ্যায়তাং, বাক্‌তে আপ্যায়তাং, প্রাণস্ত আপ্যায়তাং, চক্ষুস্ত আপ্যায়তাং, শ্রোত্রস্ত আপ্যায়তাং॥ যত্তে ক্রূরং যদাস্থিতং

তত্তে আপ্যায়তাং, তত্তে নিষ্ঠায়তাং, তত্তে শুধ্যতু পরমহোভ্যঃ। ওঁ হ্রীং শ্রীং চন্দ্রমণ্ডলাধিষ্ঠিতবিগ্রহায়ৈ পশুরূপচণ্ডিকায়ৈ ইমং ছাগপশুং প্রোক্ষয়ামি স্বাহা।।" তারপর পশুকে স্পর্শ করে মন্ত্র পাঠ করবেন। মন্ত্র, যথা—"ওঁ পশুপাশবিনাশায় হেমকূটস্থিতায় চ। পরাপরায় পরমাত্মনে হুঁকারায় ত্রিমূর্ত্তয়ে।।" এরপর পশুর শৃঙ্গে সিন্দূর পরিয়ে, "ওঁ ছাগপশবে নমঃ" মন্ত্রে পশুর পাদ্যাদিক্রমে পূজা করে, বিভিন্ন অঙ্গে পূজা করবেন। যথা ঃ মস্তকে—"ওঁ রুধিরবদনায়ৈ নমঃ।" ললাটে—"ওঁ চণ্ডিকায়ৈ নমঃ।" কর্ণদ্বয়ে—"ওঁ বৃহস্পতয়ে নমঃ।" চক্ষুর্দ্বয়ে—"ওঁ চন্দ্রাদিত্যাভ্যাং নমঃ।" মুখে ও নাসিকায়—"ওঁ সরস্বত্যৈ নমঃ।" জিহ্বাতে—"ওঁ অগ্নয়ে নমঃ।" গ্রীবাতে—"ওঁ উগ্রচণ্ডায়ৈ নমঃ।" চতুষ্পদে—"ওঁ মহাভৈরব্যৈ নমঃ।" উদরে—"ওঁ বৈষ্ণব্যৈ নমঃ।" পুচ্ছে—"ওঁ রক্তদন্তিকায়ৈ নমঃ।" সর্বাঙ্গে—"ওঁ রুধিরবদনায়ৈ নমঃ।" তারপর পশুকে স্পর্শ করে মন্ত্র পাঠ করবেন। যথা—"ওঁ শিরঃ পুনাতু গোবিন্দঃ কণ্ঠং বিষ্ণুঃ পুনাতু তে। পৃষ্ঠং পুনাতু বৈকুণ্ঠঃ কবচং তে জনার্দ্দনঃ।। গুহ্যং পুচ্ছন্তু পবনো জঙ্ঘাপাদৌ মহেশ্বরঃ। এবং সমস্ত গাত্রাণি পুনাতু পুরুষোত্তমঃ।। ওঁ ছাগত্বং বলিরূপেণ মম ভাগ্যাদুপস্থিতঃ। প্রণমামি ততঃ শর্ব্বরূপিণম্ বলিরূপিণম্।। ওঁ চণ্ডিকা প্রীতিদানেন দাতুরাপদ্ বিনাশনে। চামুণ্ডা বলিরূপায় বলে তুভ্যং নমো নমঃ।। ওঁ যজ্ঞার্থে পশবঃ সৃষ্টাঃ স্বয়মেব স্বয়ম্ভুবা। অতস্ত্বাং ঘাতয়াম্যদ্য তস্মাদ্‌যজ্ঞে বধোঽবধঃ।।" পরে পশুকে শিবরূপী চিন্তা করে, "ওঁ ঐং হ্রীং শ্রীং" মন্ত্রে মস্তকে কুশোদক দিয়ে পরে পুষ্প দিয়ে অর্চনা করবেন।

যথা—"ওঁ এতস্মৈ ছাগপশবে নমঃ" মন্ত্রে কুশবারি দ্বারা পশুকে প্রোক্ষণ করে, "এতদধিপতয়ে দেবায় ওঁ বহ্নয়ে নমঃ। এতৎ সম্প্রদানায় ওঁ শ্রীমন্মহাকালভৈরবসহিত ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।" মন্ত্রে অর্চনা করে পশুর কর্ণে—"ওঁ পশুপাশায় বিদ্মহে বিশ্বকর্ম্মণে ধীমহি তন্নো জীবঃ প্রচোদয়াৎ।" মন্ত্র তিনবার পাঠ করে উৎসর্গ বাক্য বলবেন। যথা—"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য অমুকেমাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (পরার্থে—অমুকগোত্রস্য শ্রীঅমুক দেবশর্ম্মণঃ বা দাসস্য) মনোগতাভীষ্টসিদ্ধিকাম ইমং ছাগপশুং বহ্নিদৈবতং শ্রীমন্মহাকালভৈরবসহিত ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে।" (পরার্থে—ঘাতয়িষ্যামি)

খড়্গপূজা—খড়্গের ডানদিকে সিন্দূর দ্বারা "ওঁ ঐং হ্রীং ক্রীং" বীজত্রয় লিখে খড়্গের ধ্যান করে পূজা করবেন। খড়্গের ধ্যান, যথা—"ওঁ কৃষ্ণং পিণাকপাণিঞ্চ কালরাত্রিস্বরূপকম্। উগ্রং রক্তাস্যনয়নং রক্তমাল্যানুলেপনম্।। রক্তাম্বরধরঞ্চৈব পাশহস্তং কুটুম্বিনম্। পীবমানঞ্চ রুধিরং ভুঞ্জানং ক্রব্যসংস্থিতম্।। এইরূপে ধ্যান করে—"ওঁ রসনা ত্বং চণ্ডিকায়াঃ সুরলোক প্রসাধকঃ। ওঁ হ্রীং ক্রীং কালি কালি বিকটদংষ্ট্রে স্ফেঁ স্ফেঁ ফেৎকারিণি খাদয় খাদয় ছেদয় সর্ব্বদুষ্টান্ মারয় বলিং খড়্গেন ছিন্দি ছিন্দি কিলি কিলি চিকি চিকি পিব পিব রুধিরং স্ফ্রৌঁ স্ফ্রৌঁ কিরি কিরি কালিকায়ৈ নমঃ।" মন্ত্রে খড়্গকে অভিমন্ত্রিত করে—"ওঁ খড়্গায়

নমঃ।" মন্ত্রে পাদ্যাদিক্রমে পূজা করে, খড়্গমূলে—"ওঁ ব্রহ্মণে নমঃ", অগ্রে—"ওঁ রুদ্রায় নমঃ", মধ্যে—"ওঁ জয়ায়ৈ নমঃ", উভয়পার্শ্বে—"ওঁ কালযমাভ্যাং নমঃ", ওঁ বজ্রেশ্বরী লৌহদণ্ডায়ৈ খড়্গায় নমঃ।" মন্ত্রে পূজা করে তারপর—"ওঁ কালি কালি বজ্রেশ্বরী লৌহদণ্ডায়ৈ নমঃ।" মন্ত্রে খড়্গের উপর পুষ্পাঞ্জলি প্রদান করে করযোড়ে পাঠ করবেন—"ওঁ অসির্ব্বিশসনঃ খড়্গস্তীক্ষ্ণধারো দুরাসদঃ। শ্রীগর্ভোবিজয়শ্চৈব ধর্ম্মপালঃ নমোঽস্তুতে॥ ইত্যষ্টৌ তব নামানি স্বয়মুক্তানি বেধসা। নক্ষত্রং কৃত্তিকাং তুভ্যং গুরুর্দ্দেবো মহেশ্বরঃ॥ হিরণ্যঞ্চ শরীরং তে ধাতা দেবো জনার্দ্দনঃ। পিতা পিতামহো দেবঃ ত্বং মাং পালয় সর্ব্বদা॥ নীলজীমূতসঙ্কাশস্তীক্ষ্ণদংষ্ট্রঃ কৃশোদরঃ। ভাবশুদ্ধোঽমর্ষণশ্চ অতিতেজোস্তথৈব চ॥ ইয়ং যেন ধৃতা ক্ষৌণী হতশ্চ মহিষাসুরঃ। তীক্ষ্ণধারায়, শুদ্ধায় তস্মৈ খড়্গায় তে নমঃ॥ ওঁ খড়্গায় খরনাশায় শক্তিকার্য্যার্থ তৎপরঃ। পশুশ্ছেদ্যস্ত্বয়া শীঘ্রং খড়্গনাথ নমোঽস্তুতে॥" পরে—"ওঁ ছাগত্বং বলিরূপেণ মম ভাগ্যাদুপস্থিতঃ। অতস্ত্বাং ঘাতয়াম্যদ্য তস্মিন্ যজ্ঞে বধোঽবধঃ॥ ওঁ হ্রীং হ্রীং হ্রঃ ক্রীং ক্রীং ক্রঃ নিখিলব্রহ্মাণ্ড খণ্ড খণ্ড বলিরূপং গৃহ্ণ গৃহ্ণ স্বাহা।" মন্ত্র পাঠ করে পশুর স্কন্ধে খড়্গ স্পর্শ করাবেন। তারপর স্তম্ভের পূজা করবেন।

স্তম্ভপূজা—স্তম্ভে সিন্দূরাদি দিয়ে, "ওঁ স্তম্ভায় নমঃ" মন্ত্রে পাদ্যাদিক্রমে স্তম্ভের পূজা করে করযোড়ে পাঠ করবেন—"ওঁ স্তম্ভ ত্বং স্তম্ভরূপোঽসি ব্রহ্মণা নির্ম্মিত পুরা। অতস্ত্বাং পূজয়াম্যদ্য পশুবন্ধনহেতবে॥ ওঁ স্তম্ভমূলে বসেদ্ ব্রহ্মা স্তম্ভমধ্যে চ মাধবঃ। স্তম্ভাগ্রে চ স্বয়ং রুদ্রাস্তস্তত্বমচলো ভব॥ ওঁ সর্ব্বে দেবাঃ সগন্ধর্ব্বাঃ সযক্ষোরগরাক্ষসাঃ। তব সান্নিধ্যমায়ান্তি তস্মাত্ত্বমচলো ভব॥" এবার—

"ওঁ আং হ্রীং ফট্" মন্ত্রে খড়্গ নিয়ে এক আঘাতে পশুকে ছেদন করবেন। পূজক স্বয়ং বলি করায় অক্ষম হলে পশুর গ্রীবায় পূর্বোক্ত মন্ত্র পাঠ করে খড়্গ স্পর্শ করিয়ে উপযুক্ত ব্যক্তিকে (কামারকে) অনুমতি দিয়ে ছেদন করাবেন।* বলির শেষে মাটির বা তাম্রপাত্রে জল, সৈন্ধব, কদলী, শর্করা ও মধু রেখে সেই পাত্রে রুধির ও কিঞ্চিৎ মাংস নিয়ে দেবীর বামে পাত্র রাখবেন এবং ছাগশির উত্তরমুখে রেখে ছিন্নমস্তকে ঘৃত দীপ জ্বেলে উৎসর্গ বাক্য পাঠ করে ঐ সমাংস রুধির উৎসর্গ করবেন। উৎসর্গ বাক্য, যথা—"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য অমুকেমাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (পরার্থে—অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য) শ্রীমদ্দক্ষিণকালিকা প্রীতিকামঃ এষ সপ্রদীপ ছাগশীর্ষবলিঃ ওঁ শ্রীমন্মহাকালভৈরবসহিত ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ তুভ্যমহং সম্প্রদদে। (পরার্থে—দদানি) এষ সমাংসরুধিরবলিঃ ওঁ শ্রীমন্মমহাকালভৈরবসহিত ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।' করযোড়ে পাঠ করবেন—"ওঁ আহারে রুধিরাকাঙ্ক্ষি বলিং গৃহ্ণ জয়ং কুরু। মম শত্রুবিনাশায় পূজাং

* বিশেষ দ্রষ্টব্য ঃ ছেত্তা পূর্বমুখে বসবেন এবং বলি উত্তরাগ্রে থাকবে। অথবা বলি পূর্বাগ্রে থাকবে ছেত্তা উত্তরমুখে বসবেন। বলির পর পশুর ছিন্নমুণ্ড থেকে দন্তঘর্ষণজনিত "কট্ কট্" শব্দ হলে কর্ত্তার মরণ, চক্ষু থেকে জল পড়লে হানি হয়ে থাকে। ছিন্নশির পূর্বোত্তরদিকে পড়লে সম্পৎলাভ, ঈশান ও অগ্নিকোণের মধ্যে পড়লে সিদ্ধিলাভ ও বায়ু বা নৈর্ঋতকোণে পড়লে হানি ঘটে।

গৃহ্ন সুরেশ্বরি।" এরপর অবশিষ্ট রুধির চারভাগ করে একভাগ—"এষ রুধিরবলিঃ ওঁ হূং বাং বটুকায় নমঃ" মন্ত্রে বটুককে, ২য় ভাগ—"এষ রুধিরবলিঃ ওঁ হূং যাং যোগিনীভ্যো নমঃ" মন্ত্রে যোগিনীগণকে, ৩য় ভাগ—"এষ রুধিরবলিঃ ওঁ হূং ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ" মন্ত্রে ক্ষেত্রপালকে নিবেদন করবেন এবং ৪র্থ ভাগ—"এষ রুধিরবলিঃ ওঁ হূং গাং গণপতয়ে নমঃ।" মন্ত্রে গণপতিকে প্রদান করবেন। কুষ্মাণ্ডাদি বলি থাকলে এখানে প্রদান করবেন।

কুষ্মাণ্ডাদি বলি—কুষ্মাণ্ডাদিতে সিন্দূর দিয়ে, "বং এতস্মৈ কুষ্মাণ্ডবলয়ে নমঃ" মন্ত্রে কুশোদক দ্বারা শোধন করতঃ, "এতে গন্ধপুষ্পে ওঁ কুষ্মাণ্ড বলয়ে নমঃ" মন্ত্রে অর্চনা করে, "এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বনস্পতয়ে নমঃ, এতৎ সম্প্রদানায় ওঁ শ্রীমন্মহাকালভৈরবসহিত ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ" মন্ত্রে অর্চনা করে, উৎসর্গ বাক্য পাঠ করবেন। যথা—"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য অমুকেমাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (পরার্থে—অমুকগোত্রস্য অমুকস্য) শ্রীমন্মহাকালভৈরবসহিত শ্রীমদ্দক্ষিণকালিকা প্রীতিকামঃ ইমং কুষ্মাণ্ডবলিং বনস্পতিদৈবতং শ্রীমন্মহাকালভৈরবসহিত শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে।" (পরার্থে—ঘাতয়িষ্যামি)। এইক্রমে—কদলী—ইমং কদলী বলিং, আখ—ইমমিক্ষু বলিং, আদা—ইমমার্দ্রক বলিং, ইমং মধুকর্পটিংবলিং, ইমং স্ত্রপুষবলিং, বনস্পতিদৈবতম্ ইত্যাদিরূপে উৎসর্গ করবেন।

তন্ত্রোক্ত ছাগবলি বিধি—সুলক্ষণযুক্ত ছাগপশুকে স্নান করিয়ে দেবীর সামনে রেখে "ফট্" মন্ত্রে সামান্যার্ঘ্যের জল দ্বারা প্রোক্ষণ করবেন। এবার "হূং" মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রা ও ধেনুমুদ্রা দেখিয়ে অমৃতীকরণ করে মন্ত্র পাঠ করে পশুর ললাটে ও শৃঙ্গে সিন্দূর দিবেন। যথা—"ওঁ জবাকুসুম সঙ্কাশ সূর্য্য কোটি সমপ্রভম্। সিন্দূরকজ্জলাদীনি গৃহ্ন গৃহ্ন যথা সুখং।।" এবার পশুর অঙ্গ পূজা করবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ ছাগপশবে নমঃ।" (মস্তকে) "এতে গন্ধপুষ্পে ওঁ ক্লোঁং অসিতাঙ্গভৈরবায় নমঃ।" (ললাটে) "এতে গন্ধপুষ্পে ওঁ রুরুভৈরবায় নমঃ।" (মুখে) "এতে গন্ধপুষ্পে ওঁ চণ্ডভৈরবায় নমঃ।" (পৃষ্ঠে) "এতে গন্ধপুষ্পে ওঁ ক্রোধভৈরবায় নমঃ।" (জঙ্ঘা চতুষ্টয়ে) "এতে গন্ধপুষ্পে ওঁ উন্মত্তভৈরবায় নমঃ।" (পুচ্ছে) "এতে গন্ধপুষ্পে ওঁ কপালিভৈরবায় নমঃ।" (উদরে) "এতে গন্ধপুষ্পে ওঁ ভীষণভৈরবায় নমঃ।" (কণ্ঠে) "এতে গন্ধপুষ্পে ওঁ সংহারভৈরবায় নমঃ।" মন্ত্রে পূজা করে করযোড়ে বলবেন—"ওঁ ছাগত্বং বলিরূপেণ মম ভাগ্যাদুপস্থিতঃ। কালিকা প্রীতিদানেন নমামি বলিরূপিণম্।। ওঁ যজ্ঞার্থে পশবঃ সৃষ্টাঃ স্বয়মেব স্বয়ম্ভুবা। অতস্ত্বাং ঘাতয়াম্যদ্য তস্মাদ্ যজ্ঞে বধোঽবধঃ।।" তারপর "ওঁ হ্রীং শ্রীং ফট্" মন্ত্র বলে পশুর মস্তকে কুশোদক দিয়ে উৎসর্গ বাক্য পাঠ করবেন। যথা—"বিষ্ণোরোম্ তৎসৎ অদ্য অমুকেমাসি অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (পরার্থে—অমুক দেবশর্ম্মণঃ বা দাসস্য) শ্রীমদ্দক্ষিণকালিকা প্রীতিকামঃ ইমং ছাগপশুং বহ্নিদৈবতং অর্চ্চিতং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে।

(পরার্থে—ঘাতয়িষ্যামি) ওঁ বলিং গৃহ্ণ মহাদেবি পশুং সর্ব্বগুণান্বিতং। যথোক্তেন বিধানেন তুভ্যমস্তু সমর্পিতং।" এইভাবে উৎসর্গ করে ছাগপশুর কানে মহাবাক্য পাঠ করবেন। যথা—"ওঁ পশুপাশায় বিদ্মহে বিশ্বকর্ম্মণে ধীমহি তন্নো জীবঃ প্রচোদয়াৎ। ওঁ হিলি হিলি কিলি কিলি হুঁ হুঁ ফেঁ ফেঁ ইমং পশুং প্রদর্শয় স্বর্গং নিযোজয় মুক্তিং কুরু কুরু স্বাহা।"

তারপর খড়্গের মূলে "ঐং" মধ্যে "হ্রীং" অগ্রে "শ্রীং" বীজত্রয় লিখে পূজা করবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ কালী কালী বজ্রেশ্বরী লৌহদণ্ডায় খড়্গায় নমঃ।" এবার খড়্গের (মূলদেশে) "এতে গন্ধপুষ্পে ওঁ হুং বাগীশ্বরী ব্রহ্মাভ্যাং নমঃ।" (খড়্গাগ্রে) "এতে গন্ধপুষ্পে ওঁ হুং উমা মহেশ্বরাভ্যাং নমঃ।" (সর্বত্র) "এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মা বিষ্ণু শিবশক্তিযুক্তায় খড়্গায় নমঃ।" অতঃপর করযোড়ে বলবেন—"ওঁ খড়্গায় খরশাণায় শক্তিকার্য্যার্থ তৎপরঃ। পশুশ্ছেদ্যস্ত্বয়া শীঘ্রং খড়্গানাথ নমোঽস্ততে।।" মন্ত্র পাঠান্তে—খড়্গাকে প্রণাম করে স্তম্ভপূজা করবেন। "এতে গন্ধপুষ্পে ওঁ স্তম্ভায় নমঃ" মন্ত্রে পূজা করে স্তম্ভ স্পর্শ করে মন্ত্র পাঠ করবেন। যথা—"ওঁ স্তম্ভ ত্বং শিবরূপোঽসি ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরা। দেব্যা দৃষ্টি প্রদানেন সদা ত্বমচলো ভব।। ওঁ স্তম্ভমূলে বসেদ্ ব্রহ্মা স্তম্ভাগ্রে চ মহেশ্বরঃ। স্তম্ভমধ্যে স্বয়ং বিষ্ণু তস্মাত্ত্বমচলো ভব।। ওঁ যথাচলো গিরির্ম্মেরু হিমবাংশ্চ যথাচলঃ। যথা চান্যে মহির্দ্ধ্রাশ্চ তথা ত্বমচলো ভব।। ওঁ স্তম্ভ ত্বং বিষ্ণুরূপোঽসি পার্ব্বত্যানন্দবর্দ্ধনঃ। ভক্তিতঃ পূজয়ামি ত্বাং পশু বন্ধন হেতবে।।"

তারপর এক আঘাতে বলি ছেদন করে, মৃৎপাত্রে বা তাম্রপাত্রে সৈন্ধব লবণ, শর্করা, কদলী, মধুসহ সমাংস রুধির তাতে নিয়ে দেবীর বামভাগে রেখে উৎসর্গ করবেন। যথা—"ওঁ ক্রীং এষ সমাংস রুধির বলিঃ ওঁ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নমঃ" মন্ত্রে রুধিরের একভাগ উৎসর্গ করে অবশিষ্ট অর্দ্ধভাগ চারভাগ করে (বায়ুকোণে) "হূ বাং বটুকায় নমঃ।" (ঈশানে) "ওঁ হূং যাং যোগিনীভ্যো নমঃ।" (নৈঋর্তে) "ওঁ হূং ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ।" এবং (অগ্নিকোণে) "ওঁ হূং গাং গণপতয়ে নমঃ।" মন্ত্রে নিবেদন করে ছিন্ন মুণ্ডে ঘৃত প্রদীপ দিয়ে উৎসর্গ করবেন। যথা—"এষ ছাগশীর্ষ বলিঃ ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।"—ইতি তন্ত্রোক্ত ছাগবলি বিধি সমাপ্ত।

মহিষবলি বিধি—উত্তরমুখে বসে মহিষবন্ধন স্তম্ভ স্পর্শ করে পাঠ করবেন, যথা—"ওঁ স্তম্ভ ত্বং শিবরূপোঽসি ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরা। দেব্যা দৃষ্টি প্রদানেন সদা ত্বমচলো ভব।। ওঁ স্তম্ভমূলে বসেদ্ ব্রহ্মা স্তম্ভাগ্রে চ মহেশ্বর। স্তম্ভমধ্যে স্বয়ং বিষ্ণুস্তস্মাত্ত্বমচলো ভব।। ওঁ যথাচলো গিরির্ম্মেরুর্হিমবাংশ্চ যথাচলঃ। যথাচান্যে মহীধ্রাশ্চ তথা ত্বমচলো ভব।। ওঁ স্তম্ভ ত্বং বিষ্ণুরূপোঽসি পার্ব্বত্যানন্দবর্দ্ধন। ভক্তিতঃ পূজয়ামি ত্বাং পশুবন্ধন হেতবে।।" পরে—ওঁ স্তম্ভায় নমঃ" মন্ত্রে পাদ্যাদিক্রমে স্তম্ভের পূজা করবেন। তারপর পশুকে বাঁধবার জন্য নতুন পাশরজ্জু নিয়ে, "ওঁ পাশায় নমঃ" মন্ত্রে পাদ্যাদিক্রমে পূজা করে মন্ত্র পাঠ করবেন। যথা—"ওঁ পাশ ত্বং

বরুণাজ্জাতঃ সদা বরুণদৈবতঃ। অতস্ত্বাং পূজয়ামীহ শান্তিং কুরু নমোঽস্তুতে।।” তারপর মন্ত্র পাঠ পূর্বক পাশদ্বারা মহিষকে স্তম্ভে বন্ধন করবেন। মন্ত্র, যথা—“ওঁ মেধ্যাকার স্তম্ভমধ্যে পশুং বন্ধয় বন্ধয়, ব্রহ্মাণ্ডখণ্ডরূপিণং পশুং বন্ধয় বন্ধয়। সশৃঙ্গ সর্ব্বাবয়বসহিতং পশুং বন্ধয় বন্ধয় হুং ফট্ স্বাহা।।” এবার করযোড়ে পাঠ করবেন—“ওঁ মহিষং ত্বং মহাবীর সর্ব্বাভীষ্টপ্রদায়কঃ। কুমতিং সর্ব্বপাপশ্চ মম শত্রূংশ্চ নাশয়।।” তারপর মহিষের স্নানের জন্য জলে তীর্থ আবাহন করবেন। যথা—“ওঁ বারাহী যমুনা গঙ্গা করতোয়া সরস্বতী। কাবেরী চন্দ্রভাগা চ সিন্ধুভৈরব সাগরাঃ। মহিষস্য পশোঃ স্নানে সন্নিধ্যমিহ কল্পয়।।” তারপর মন্ত্র পাঠ করতঃ সহস্রধারা দ্বারা মহিষকে স্নান করাবেন। মন্ত্র, যথা—“ওঁ হ্রীং নিখিলপাপক্ষয়ায় ব্রহ্মবীজস্বরূপায় দিব্যতেজসে নমঃ। ওঁ ঐং ঐং হ্রীং হ্রীং শ্রীং শ্রীং হুঁ হুঁ বরুণমণ্ডলাধিষ্ঠিতবিগ্রহায়ৈ মহিষরূপ চণ্ডিকায়ৈ ইমং মহিষং প্রোক্ষয়ামি স্বাহা।।” তারপর হরিদ্রাবর্ণ বস্ত্রদ্বারা পশুকে বেষ্টন করে শৃঙ্গে হরিদ্রাক্ত সূত্রদ্বারা আল্‌তা বেঁধে সিন্দূর ও গলায় রক্তপুষ্পের মালা দিয়ে মন্ত্র পাঠ করবেন। মন্ত্র, যথা—“ওঁ পশুপাশবিনাশায় হেমকূটস্থিতায় চ। পরাপরায় পরমেষ্ঠিনে হুঙ্কারায় ত্রিমূর্ত্তয়ে।। ওঁ শিরঃ পুনাতু গোবিন্দঃ কণ্ঠং বিষ্ণুঃ পুনাতু তে। পৃষ্ঠং পুনাতু বৈকুণ্ঠঃ জঠরঞ্চ হুতাশনঃ।। গুহ্যং পুচ্ছঞ্চ পবনো জঙ্ঘাপাদৌ মহেশ্বরঃ। এবং সমস্ত গাত্রেষু পুনাতু তাং *জনার্দ্দনঃ।।* ওঁ জলদসদৃশবর্ণং, চারুবিস্তীর্ণকর্ণং, ধরণীধরসমাঙ্গং দীর্ঘতীক্ষ্ণাগ্রশৃঙ্গম্। বলিমিমমুপনীতং চণ্ডি মেধং *গৃহীত্বা।। ভগবতি মম নিত্যং* রাজলক্ষ্মীং বিধেহি।। ওঁ কুরু মম রিপুনাশং কাম্যঋদ্ধিঞ্চ সিদ্ধিং, হর হর মম দুঃখং সর্ব্বপাপং কুবুদ্ধিম্। *ভবতারণবরেণ্যৈ পূজিতাধিষ্ঠিতা*

ত্বা, ভগবতি ফলদা ত্বং সর্ব্বযজ্ঞব্রতানাম্।।” পরে মহিষের অঙ্গে ন্যাস করবেন। যথা ঃ নাসাদ্বয়ে—ওঁ অং নমঃ, ওঁ আং নমঃ। চক্ষুর্দ্বয়ে—ওঁ ইং নমঃ, ওঁ ঈং নমঃ। পৃষ্ঠে—ওঁ ঋং নমঃ, ওঁ ঋৃং নমঃ। দন্তপঙ্‌ক্তিতে—ওঁ ঌং নমঃ ওঁ ৡং নমঃ। গণ্ডদ্বয়ে—ওঁ এং নমঃ, ওঁ ঐং নমঃ। পুচ্ছে—ওঁ ওং নমঃ, ওঁ ঔং নমঃ। ললাটে—ওঁ অং নমঃ। জিহ্বাতে—ওঁ অঃ নমঃ। দক্ষিণপদদ্বয়ে—ওঁ কং খং গং ঘং ঙং নমঃ। বামপদদ্বয়ে—ওঁ চং ছং জং ঝং ঞং নমঃ। জঙ্ঘাদ্বয়ে—ওঁ টং ঠং ডং ঢং ণং নমঃ। পার্শ্বদ্বয়ে—ওঁ তং থং দং ধং নং নমঃ। পৃষ্ঠে—ওঁ পং ফং বং ভং মং নমঃ। হৃদয়ে—ওঁ যং রং লং বং নমঃ। উদরে—ওঁ শং ষং সং নমঃ। গলে—ওঁ হং লং নমঃ। মস্তকে—ওঁ ক্ষং নমঃ। পরে—“ওঁ মহিষপশবে নমঃ।” মন্ত্রে পাদ্যাদিক্রমে মহিষের পূজা করে, “ওঁ যমায় নমঃ” মন্ত্রে অধিপতি দেবতার পঞ্চোপচারে পূজা করবেন। তারপর করযোড়ে পাঠ করবেন—“ওঁ মহিষ ত্বং মহাবীর মম ভাগ্যাদুপস্থিতঃ। প্রণমামি ততঃ শর্ব্বরূপিণং বলিরূপিণম্।। ওঁ চণ্ডিকাপ্রীতিদানেন দাতুরাপদ্বিনাশনে। চণ্ডিকা বালরূপায় বলে তুভ্যং নমো নমঃ।। ওঁ যজ্ঞার্থে পশবঃ সৃষ্টা স্বয়মেব স্বয়ম্ভুবা। অতস্ত্বাং ঘাতয়াম্যদ্য তস্মাদ্ যজ্ঞে বধোঽবধঃ।। যথা বাহং ভবান্ দ্বেষ্টি যথা বহসি চণ্ডিকাম্। তথা মম রিপুন্ হংসি শুভাং বহ লুলাপক।। ওঁ যমস্য বাহনং ত্বং হি বররূপধরোঽব্যয়ঃ। আয়ুর্ব্বিত্তং যশো দেহি কাসরায় নমো নমঃ।।” মন্ত্র পাঠ করে মহিষকে শিবরূপী চিন্তা করে, “ওঁ ঐং হ্রীং শ্রীং” মন্ত্রে মহিষের মাথায় ফুল দিয়ে উৎসর্গ বাক্য পাঠ পূর্বক উৎসর্গ করবেন। উৎসর্গ বাক্য, যথা—“বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য অমুকেমাসি অমুকরাশিস্থে ভাস্করে

অমুকপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (পরার্থে—অমুকগোত্রস্য অমুকস্য) শ্রীমদ্দক্ষিণকালিকা প্রীতিকামঃ ইমং মহিষপশুং যমদৈবতং সায়ুধবাহন শ্রীমন্মহাকালভৈরবসহিত ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ তুভ্যমহং ঘাতয়িষ্যে।" (পরার্থে—ঘাতয়িষ্যামি)। উৎসর্গ বাক্য পাঠের পর মহিষের মাথায় জল দিয়ে করযোড়ে পাঠ করবেন—"ওঁ প্রাণিনামুপকারার্থম্ পশুং সৃষ্টঃ স্বয়ম্ভুবা। প্রেষিতঃ কালিকাপ্রীত্যৈ মমাত্মানঞ্চ তারয়॥" তারপর আগের মত খড়্গের পূজা (পৃঃ ৮৫ পং ৯) করে খড়্গ নিয়ে "ওঁ হুং হ্রং কালি বিকটদংষ্ট্রে স্ফেং স্ফেং ফেৎকারিণি খাদয় ছেদয় ছেদয় সর্ব্বান্ দুষ্টান্ মারয় মারয় লুলাপক খড়্গেন ছিন্দি ছিন্দি কিলি কিলি চিকি চিকি পিব পিব রুধিরং স্ফোং স্ফোং কিরি কিরি কালিকায়ৈ নমঃ॥ ওঁ ঐং হ্রীং শ্রীং মহিষং মহামোক্ষং কুরু কুরু স্বাহা।" মন্ত্রে অভিমন্ত্রিত করে মহিষের গলায় খড়্গ স্পর্শ করাবেন। পরে মন্ত্র পাঠ করে মহিষকে পাশরজ্জু বন্ধন থেকে মুক্ত করবেন। যথা—"ওঁ যজ্ঞার্থে বন্ধনস্থোঽসি মুক্তয়ে মোচিতো ময়া। দেব্যাঃ প্রীতিং সমুৎপাদ্য স্বর্গং গচ্ছ পশূত্তম॥ ওঁ শিরঃ পুচ্ছাদিমেঢ্রেষু পাদয়োঃ জঙ্ঘয়োস্তথা। উদরে পৃষ্ঠদেশে ত্বাং মুঞ্চন্তু পঞ্চদেবতাঃ॥ ওঁ খড়্গাঘাতোদ্ভবং দুঃখং যত্তে মনসি বর্ত্ততে। তৎ ক্ষমস্ব মহাভাগ গন্ধর্ব্বলোকমবাপ্নুহি॥" শেষে স্তম্ভের (যূপকাষ্ঠের) পূজা (পৃঃ ৮৬ পং ৯) করে, নিজে অথবা অসামর্থ্যপক্ষে উপযুক্ত ব্যক্তি দ্বারা এক আঘাতে ছেদন করাবেন। তারপর মাটির অথবা তাম্রপাত্রে জল, সৈন্ধব, শর্করা ও মধু দিয়ে ঐ পাত্রে রুধির নিয়ে দেবীর সামনে স্থাপন করে উৎসর্গ বাক্য পাঠ পূর্ব্বক রুধির উৎসর্গ করবেন। যথা—"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য অমুকেমাসি অমুকেরাশিস্থে

ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ অমুকগোত্র শ্রীঅমুকদেবশর্ম্মা (পরার্থে—অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য) শ্রীমদ্দক্ষিণকালিকা প্রীতিকামঃ এষ মহিষরুধিরবলিঃ ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ। ওঁ হ্রীং শ্রীং কৌষিকী রুধিরেণাপ্যায়তাম্॥" এরপর কুশ দ্বারা ঐ পাত্রের রুধির চারভাগে ভাগ করে অগ্ন্যাদি চতুষ্কোণে বিভিন্ন দেবতাকে উৎসর্গ করবেন। যথা ঃ অগ্নিকোণে—"ওঁ বিদারিকায়ৈ নমঃ।" নৈর্ঋতে—"ওঁ পাপরাক্ষস্যৈ নমঃ।" বায়ুকোণে—"ওঁ পূতনায়ৈ নমঃ" ঈশানে—"ওঁ কালিকায়ৈ নমঃ।" তারপর ছিন্নশীর্ষের উপর ঘৃত প্রদীপ জ্বেলে উৎসর্গ বাক্য পাঠ করবেন। যথা—"বিষ্ণুরোঁ তৎসৎ অদ্য অমুকেমাসি অমুকেরাশিস্থে ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (পরার্থে—অমুকগোত্রস্য শ্রীঅমুকস্য) শ্রীমদ্দক্ষিণকালিকাদেব্যাঃ দর্শনাভিবন্দন স্পর্শনাভিপূজন স্নপন তর্পণজনিত পূর্ব্বপুণ্যাধিক পুণ্যপ্রাপ্তিকামঃ এষ সপ্রদীপ মহিষশীর্ষবলিঃ ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।" তারপর করযোড়ে পাঠ করবেন—"ওঁ জয় ত্বং সর্ব্বভূতেশে সর্ব্বভূত সমাবৃতে। রক্ষ মাং সর্ব্বভূতেভ্যো বলিং গৃহ্ন নমোঽস্তুতে॥—ইতি মহিষবলি বিধি॥

দীপমালা উৎসর্গ—বলির পর দীপমালা উৎসর্গ করতে হয়। বিশেষতঃ কার্ত্তিক মাসে দীপান্বিতা অমাবস্যায় কালীপূজায় অবশ্যই দীপমালা উৎসর্গ করবেন। যথা—"বং এতস্মৈ দীপমালায়ৈ নমঃ" তিনবার বলে তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করে, "এতে গন্ধপুষ্প এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ। এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।" মন্ত্রে দেবীর উদ্দেশ্যে গন্ধপুষ্প দিয়ে উৎসর্গ বাক্য পাঠ করবেন। যথা—"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকেমাসি অমুকেপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ

অমুকদেবশর্ম্মা (পরার্থে—অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ বা দাসস্য) শ্রীমদ্দক্ষিণকালিকা প্রীতিকামঃ ইয়ৎ সংখ্যক (১০৮ হলে—অষ্টোত্তর শত সংখ্যক, ২৮ হলে—অষ্টাবিংশতি সংখ্যক) দীপমালাঃ ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ তুভ্যমহং সম্প্রদদে।" (পরার্থে—দদানি)।

তান্ত্রিক হোমের স্থণ্ডিল—দীর্ঘ ও প্রস্থে চারি হস্তপরিমিত সমচতুষ্কোণ স্থানে বালি বিছিয়ে, কুশ দিয়ে তার মধ্যে একটি অধোমুখ ত্রিকোণমণ্ডল তার মধ্যে একটি বিন্দু আঁকবেন। এবার ত্রিকোণমণ্ডলের উপরে আর একটি উর্দ্ধমুখ ত্রিকোণমণ্ডল করে ষট্‌কোণ মণ্ডল করবেন। পরে তার বাইরে একটি গোলাকার বৃত্ত করে ঐ বৃত্তের গায়ে অষ্টদল পদ্ম আঁকবেন।

তারপরে তার বাইরে দু'টি করে রেখা অঙ্কন করে চারদিকে চারটি দ্বার অঙ্কন করে বজ্রভূপুর অঙ্কিত করবেন, এবং স্থণ্ডিলের বাইরে উত্তরমুখ ও পূর্বমুখে তিন তিনটি রেখা আঁকবেন।

তান্ত্রিক হোম প্রকরণ—স্থণ্ডিল নির্মাণ করে মূলমন্ত্রে (ক্রীং) অভ্যুক্ষণ করবেন। মূলমন্ত্রে (ক্রীং) অবলোকন, "ফট্" মন্ত্রে তাড়ন এবং (ক্রীং) মূলমন্ত্রে প্রোক্ষণ করে, "হুং" মন্ত্রে পুনরায় অভ্যুক্ষণ করবেন। তারপর (ক্রীং) মূলমন্ত্র উচ্চারণ করে, "ওঁ কুণ্ডায় নমঃ" কিংবা "এতে গন্ধপুষ্পে ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকা স্থণ্ডিলায় নমঃ।" এই মন্ত্রে পূজা করে পূর্বাগ্র তিনটি রেখায় পূজা করবেন। পূর্ব্বাগ্র রেখা তিনটিতে দক্ষিণদিক ক্রমে পূজা করবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ মুকুন্দায় নমঃ।" (এইরূপে) "ওঁ ঈশানায় নমঃ, ওঁ পুরন্দরায় নমঃ।" উত্তরাগ্র তিনটিতে—"ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ বৈবস্বতায় নমঃ, ওঁ ইন্দবে নমঃ।" তারপর কুণ্ডমধ্যে ষট্‌কোণ, তার বাইরে বৃত্ত প্রভৃতির উপর এবং অষ্টদল পদ্মের উপর 'ক্রীং' মূলমন্ত্রে পাঁচবার পুষ্পাঞ্জলি দিবেন। তারপর 'ওঁ' এই মন্ত্রে হোমের দ্রব্য সমুদয় প্রোক্ষণ করে বহ্নির যোগপীঠ পূজা করবেন। যথা ঃ কর্ণিকায়—"এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ।" এইক্রমে—"প্রকৃত্যৈ, কূর্ম্মায়, অনন্তায়, পৃথিব্যৈ, ক্ষীরসমুদ্রায়, শ্বেতদ্বীপায়, মণিমণ্ডপায়, কল্পবৃক্ষায়, মণিবেদিকায়ৈ, রত্নসিংহাসনায়।" অগ্ন্যাদিকোণচতুষ্টয়ে—"ওঁ ধর্ম্মায়, জ্ঞানায়, বৈরাগ্যায়, ঐশ্বর্য্যায়।" পূর্বাদি চারিদিকে—"ওঁ অধর্ম্মায়, অজ্ঞানায়, অবৈরাগ্যায়, অনৈশ্বর্য্যায়।" মাঝে—"অনন্তায়, পদ্মায়, অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে, উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে, মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ।" পূর্বাদিকেশরে আগে "ওঁ" এবং শেষে "নমঃ" যোগ করে পূজা করবেন। যথা—"পীতায়ৈ, শ্বেতায়ৈ, অরুণায়ৈ, কৃষ্ণায়ৈ, ধূম্রায়ৈ, তীব্রায়ৈ, স্ফুলিঙ্গিন্যৈ, রুচিরায়ৈ, জ্বালিন্যৈ, বং বহ্ন্যাসনায়।" এবার কূর্মমুদ্রায় পুষ্প নিয়ে বাগীশ্বরীর ধ্যান করে পূজা করবেন। যথা—"ওঁ বাগীশ্বরী মৃতুস্নাতাং নীলেন্দীবরলোচনাম্। বাগীশ্বরেণ সংযুক্তাং ক্রীড়াভাবসমন্বিতাম্॥" ধ্যান শেষে—"ওঁ হ্রীং বাগীশ্বরসহিত বাগীশ্বর্য্যৈ নমঃ।" এই প্রকারে পঞ্চোপচারে পূজা

করবেন। তারপর শুদ্ধ অগ্নি নিয়ে মূলমন্ত্র (ক্রীং) পাঠ করে এবং "বৌষট্" মন্ত্রে অগ্নিকে অভিমন্ত্রিত এবং দর্শন করে "অস্ত্রায় ফট্" মন্ত্র পাঠ করে আবাহন ও পুনরায় মূলমন্ত্র "ক্রীং" উচ্চারণ করে "হুং ফট্ ক্রব্যাদেভ্যঃ স্বাহা" মন্ত্র পাঠ করে কিয়দংশ স্থণ্ডিলের দক্ষিণে নিক্ষেপ করবেন। এবার অবশিষ্ট অগ্নিকে "ফট্" মন্ত্রে রক্ষণ করে, "হুং" মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রা দ্বারা ও "রং" মন্ত্রে ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ করে, দুই হাত দিয়ে অগ্নিকে স্থণ্ডিলের উপর তিনবার ঘুরিয়ে মাটিতে জানু স্পর্শ করে অগ্নিকে "শিববীজ" এবং স্থণ্ডিলকে "দেবীযোনি" চিন্তা করে কুণ্ডের মধ্যস্থলে নিজের দিকে স্থাপন করবেন। এরপর পুষ্পদ্বারা—"এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং বহ্নিমূর্ত্তয়ে নমঃ।" মন্ত্র পাঠ করে, "এতে গন্ধপুষ্পে বং বহ্নিচৈতন্যায় নমঃ" মন্ত্রে পূজা করে, "ওঁ চিৎপিঙ্গল হন হন দহ দহ পচ পচ সর্ব্বজ্ঞাপয় স্বাহা।" মন্ত্র পাঠ করবেন। তারপর করযোড়ে পাঠ করবেন। যথা—"ওঁ অগ্নিং প্রজ্জ্বলিতং বন্দে জাতবেদং হুতাশনম্। সুবর্ণবর্ণমমলং সমিদ্ধং বিশ্বতোমুখম্॥ অগ্নে ত্বং শ্রীমদ্দক্ষিণাকালিকানামাসি।" তারপরে "ওঁ দক্ষিণকালিকানামাগ্নে ইহাগচ্ছ ইহাগচ্ছ" ইত্যাদি মন্ত্রে আবাহন করে পাঠ করবেন— "ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় সাধয় স্বাহা।" এবার "এতে গন্ধপুষ্পে ওঁ দক্ষিণকালিকানামাগ্নয়ে নমঃ" মন্ত্রে পঞ্চোপচারে পূজা করে পরে, "এতে গন্ধপুষ্পে ওঁ অগ্নেৰ্হিরণ্যাদিসপ্তজিহ্বাভ্যো নমঃ।" এইভাবে—"ওঁ সহস্রার্চ্চিষে হৃদয়ায় নমঃ, অগ্নিষড়ঙ্গেভ্যো নমঃ, ওঁ অগ্নে জাতবেদসে ইত্যাদ্যষ্টমূর্ত্তিভ্যো নমঃ, ওঁ ব্রাহ্ম্যাদ্যষ্টশক্তিভ্যো নমঃ, ওঁ পদ্মাদ্যষ্টনিধিভ্যো নমঃ, ওঁ ইন্দ্রাদিলোকপালেভ্যো নমঃ, ওঁ বজ্রাদ্যস্ত্রেভ্যো নমঃ।" তারপর স্রুব (কুশী) অধোমুখে তিনবার তপ্ত করে কুশ দ্বারা মার্জন করবেন

তারপর কুশ দ্বারা পবিত্র বন্ধন করে সেই পবিত্র ঘৃতমধ্যে নিক্ষেপ পূর্বক বাম, দক্ষিণ ও মধ্যভাগে ইড়া, পিঙ্গলা ও সুষুম্না নাড়ী চিন্তা করে, "ওঁ অগ্নয়ে স্বাহা।" "ওঁ সোমায় স্বাহা।" "ওঁ অগ্নি সোমাভ্যাং স্বাহা।" মন্ত্রে তিনবার আহুতি দেবেন এবং "ওঁ অগ্নে সৃষ্টিকৃতে স্বাহা" মন্ত্রে দু'বার হোম করবেন। পরে মহাব্যাহৃতি হোম করবেন। যথা—"ওঁ ভূঃ স্বাহা, ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা, ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা, ওঁ বৈশ্বানর জাতবেদ ইহাবহ লোহিতাক্ষ সর্ব্বকর্ম্মাণি সাধয় সাধয় স্বাহা।" এই মন্ত্রে তিনবার হোম করে, "ওঁ অগ্নের্গর্ভধানাদি সংস্কারং সম্পাদয়ামি স্বাহা" মন্ত্রে হোম করে অগ্নিতে, "এতে গন্ধপুষ্পে পীঠদেবতা সহিতায়ৈ ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ" মন্ত্রে মূল দেবতার পূজা করে, ঘৃতদ্বারা "ক্রীং স্বাহা" মূলমন্ত্রে পঁচিশবার ঘৃতাহুতি দিবেন। তারপর অগ্নি ও দেবতার একত্ব চিন্তা করে আবার "ক্রীং স্বাহা" মন্ত্রে এগারো বার ঘৃতাহুতি দেবেন। পরে—"ওঁ মূলমন্ত্রস্যাঙ্গদেবতাভ্যঃ স্বাহা, ওঁ আবরণদেবতাভ্যঃ স্বাহা।" মন্ত্রে ঘৃতাহুতি দিয়ে, সঙ্কল্প করে বিল্বপত্র সমিধ দ্বারা দেবীর হোম করবেন। যথা—"বিষ্ণুরোম্ তৎসৎ অদ্য অমুকেমাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা (পরার্থে—অমুকগোত্রস্য অমুকস্য) সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বক শ্রীমদ্দক্ষিণকালিকা প্রীতিকামঃ শ্রীমদ্দক্ষিণকালিকাপূজাঙ্গীভূত হোমকর্ম্মণি ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ স্বাহেতি মন্ত্রেণ প্রত্যেকেন পঠিতেন ইয়ৎ সংখ্যক হোমমহং করিষ্যে।" (পরার্থে—করিষ্যামি)। (ইয়ৎ সংখ্যক স্থলে সংখ্যা উল্লেখ করবেন ১০০৮ হলে—অষ্টোত্তর সহস্র, ১০৮ হলে— অষ্টোত্তর শত, ২৮ হলে—অষ্টাবিংশতি সংখ্যক উল্লেখ করবেন।) এইভাবে সঙ্কল্প করে সমিধের অর্চনা করবেন। যথা—"ওঁ এতেভ্যো

ইয়ৎ সংখ্যক (সংখ্যা উল্লেখ করে) সাজ্যবিল্বপত্রেভ্যো নমঃ।" এইভাবে তিনবার অভ্যুক্ষণ করে, "এতদধিপতয়ে ব্রহ্মাবিষ্ণুশিবায় নমঃ। সম্প্রদানায় ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ নমঃ।" মন্ত্রে অর্চনা করে, "ওঁ ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকায়ৈ স্বাহা" মন্ত্রে হোম করবেন। পরে মহাব্যাহৃতি হোম করবেন। যথা—"ওঁ ভূঃ স্বাহা, ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা, ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা।" তারপর "নমঃ" মন্ত্রে প্রাদেশ প্রমাণ ঘৃতাক্ত একটি কুশ অগ্নিতে আহুতি দেবেন। এবার ২৮টি সাজ্য বিল্বপত্র দ্বারা—"ওঁ হুং ক্ষ্রৌং যাং রাং লাং বাং আং ক্রোং মহাকালভৈরব সর্ব্ববিঘ্নান্ নাশয় নাশয় হ্রীং শ্রীং হুং ফট্ মহাকালভৈরবায় স্বাহা।" মন্ত্রে হোম করবেন। এবং ২৮টি বিল্বপত্র দ্বারা—"ওঁ হসৌঃ সদাশিব মহাপ্রেত পদ্মাসনায় স্বাহা।" মন্ত্রে হোম করে—"ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদম্ সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্ স্বাহা। ইদং বিষ্ণবে।।" এই মন্ত্রে ২৮টি যজ্ঞডম্বুর সমিধ বা আজ্যদ্বারা হোম করবেন।

তারপর ঘৃতদ্বারা হোম করবেন—"ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যঃ স্বাহা।" এইক্রমে—"ওঁ ইন্দ্রাদি দশদিকপালেভ্যঃ স্বাহা, ওঁ মৎস্যাদি দশাবতারেভ্যঃ স্বাহা, ওঁ কাল্যাদি দশমহাবিদ্যাভ্যঃ স্বাহা, ওঁ অসিতাঙ্গাদি অষ্টভৈরবগণেভ্যঃ স্বাহা, ওঁ ব্রাহ্ম্যাদ্যষ্টশক্তিভ্যঃ স্বাহা, ওঁ কাল্যাদি পঞ্চদশশক্তিভ্যঃ স্বাহা, ওঁ ক্ষেত্রপালগণেভ্যঃ স্বাহা, ওঁ বটুকগণেভ্যঃ স্বাহা, ওঁ ডাকিনীগণেভ্যঃ স্বাহা, ওঁ যোগিনীগণেভ্যঃ স্বাহা, ওঁ লক্ষ্ম্যৈ স্বাহা, ওঁ গঙ্গায়ৈ স্বাহা, ওঁ যমুনায়ৈ স্বাহা, ওঁ শীতলায়ৈ স্বাহা, ওঁ মনসায়ৈ স্বাহা।" এইভাবে হোম করে পূর্ণাহুতি দিবেন।

পূর্ণাহুতি—মূলমন্ত্র (ক্রীং) বলে অগ্নিতে পূর্ণাহুতি দিয়ে পূর্ণপাত্রানুকল্প ভোজ্য উৎসর্গ করবেন। যথা—"বং এতস্মৈ পূর্ণপাত্রানুকল্প

